



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥প্রেস বিজ্ঞপ্তি॥

পবিত্র ফাতেহা- ই- ইয়াজদাহম উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে ওয়াজ মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঢাকা, ১৯ ডিসেম্বর ২০১৮, বুধবার ॥

পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম উপলক্ষে আজ (১৯ ডিসেম্বর, বুধবার) বাদ জোহর বায়তুল মুকাররম জাতীয় মসজিদে ওয়াজ, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মাহফিলে বড় পীর হ্যরত আবদুল কাদের জিলানী (রা.) এর জীবন ও কর্মের উপর বক্তব্য রাখেন ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক মোঃ আনিছুর রহমান সরকার। ওয়াজ, মিলাদ ও দোয়া মাহফিল পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম মাওলানা মুহাম্মদ এহসানুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নুরুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক ড. মোহাম্মদ হারুনুর রশীদ। ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারি ও সাধারণ মুসল্লীগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।